

ফাতওয়া নাম্বার: ৬২

প্রকাশকাল: ১৭ ই জুলাই, ২০২০ ইংরেজি

## ধূমপান করার হুকুম কী?

প্রশ্নঃ

সিগারেট খাওয়া হালাল, না হারাম? দলিলসহ জানালে কৃতজ্ঞ হবো।

প্রশ্নকারী- আসিফ

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

:الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده أما بعد

সিগারেট খাওয়া নাজায়েয। এতে আর্থিক অপচয়ের পাশাপাশি স্বাস্থ্যগত ক্ষতিও নিশ্চিত। এভাবে নিজের জান-মালের ক্ষতি করা গুনাহ। আল্লাহ তায়ালা বলেন,

وَيُحِلُّ لَهُمُ الطَّيِّبَاتِ وَيُحَرِّمُ عَلَيْهِمُ الْخَبَائِثَ. سورة الاعراف: 157

‘তাদের জন্য উত্তম বস্তুরাজি হালাল করেন এবং অনুত্তম বস্তুগুলো হারাম করেন।’—সূরা আরাফ (০৭): ১৫৭

এ আয়াতের তাফসিরে হাফেজ ইবনে কাসির রহ. বলেন,

وقال بعض العلماء: كل ما أحل الله تعالى، فهو طيب نافع في البدن والدين،  
وكل ما حرمه، فهو خبيث ضار في البدن والدين. اهـ -تفسير ابن كثير:  
488/3 ط. دار طيب

‘কতক আলেম বলেন, আল্লাহ যা হালাল করেছেন তা ভালো, স্বাস্থ্যের  
জন্য উপকারী ও দ্বীনের জন্য সহায়ক। আর যা হারাম করেছেন তা মন্দ,  
স্বাস্থ্যের জন্য ও দ্বীনের জন্য ক্ষতিকর।’ –তফসিরে ইবনে কাসির:  
৩/৪৮৮

অধিকন্তু ধুমপায়ীর মুখের দুর্গন্ধে অন্যের কষ্ট হয়, যা পৃথক একটি গুনাহ।  
তাই ধুমপান থেকে বিরত থাকা আবশ্যিক। আরও দেখুন, আদদুররফল  
মুখতার, দারুল ফিকর: ৬/৪৬১, ফাতাওয়াল লাজনাতি দায়িমাহ:  
২২/১৮৭, ফতোয়া নং ১৯১৪

فقط. والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৪-১১-১৪৪১ হি.

১৬-০৭-২০২০ ইং

